দৈনিক জনকণ্ঠ

তারিখ 16 MAY 2008
পৃষ্ঠা ৪ কলাম ৩

# ডুয়েটের ভিসির পুনর্নিয়োগ বাতিলের দাবিতে ক্যাম্পাসে ছাত্র বিক্ষোভ

**নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ১৫ মে ॥** ডুয়েটের ভাইস চ্যান্সেলর ড. এম আনোয়ারুল য়াজীমের পুনর্নিয়োগ বাতিলের দাবিতে গাজীপুরের ডুয়েট ক্যাম্পাসে ছাত্রছাত্রীরা বিক্ষোভ সমাবেশ করেছে। এ সময় আন্দোলনরতরা ভিসির কুশপুত্তলিকা দাহ, ক্লাস ও পরীক্ষা বর্জন এবং ভিসির অফিসে তালা ঝুলিয়ে দিয়েছে।

জানা গেছে, গাজীপুরস্থ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) ভাইস চ্যান্সেলর ড. এম আনোয়ারুল য়াজীমের মেয়াদ গত ৯ মে শেষ হয়। এর পর গত ১৩ মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এক প্রজ্ঞাপনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে নিয়মিত ভাইস চ্যান্সেলর নিয়োগ না হওয়া পর্যন্ত সদ্য মেয়াদোত্তীর্ণ ভাইস চ্যান্সেলর এম আনোয়ারুল য়াজীমকে সাময়িকভাবে ভাইস চ্যান্সেলরের দায়িত্ব প্রদান করে। বুধবার বিকালে এ প্রজ্ঞাপন বিশ্ববিদ্যালয়ে এসে পৌছলে ক্যাম্পাসে ছাত্রছাত্রীরা বিক্ষুব্ধ হয়ে ওঠে। বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা ভিসি পদে এম আনোয়ারুল য়াজীমের পুনর্নিয়োগ বাতিলের দাবিতে বুধবার রাতভর ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। বৃহস্পতিবার সকাল হতে ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে খণ্ড খণ্ড মিছিল বের করে এবং সমাবেশ করে। তারা ভিসির অফিস কক্ষেও তালা ঝুলিয়ে দেয়। বেলা ১২টার দিকে একাডেমিক ভবনের সামনে ছাত্রছাত্রীরা এম আনোয়ারুল য়াজীমের কুশপুত্তলিকা দাহ ও সমাবেশ করে। সমাবেশে বক্তারা ডুয়েটের সিনিয়র শিক্ষকদের মধ্য থেকে ভিসি পদে নিয়োগ দেয়ার দাবি

## ক্লাস ও পরীক্ষা বর্জন, কুশপুত্তলিকা দাহ

জানায়। তারা ভিসি আনোয়ারুল য়াজীমকে গাজীপুর ক্যাম্পাসে প্রবেশ করতে দেবে না এবং নতুন ভিসি নিয়োগ পর্যন্ত ভিসির অফিস কক্ষ তালাবদ্ধ করে রাখার ঘোষণা দেয়। সমাবেশ চলাকালে ছাত্র নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রারসহ কর্মকর্তাগণের কাছে তাদের দাবিদাওয়া উপস্থাপন এবং আলোচনা করে। আলোচনা শেষে সমাবেশস্থলে উপস্থিত হয়ে ডিন. মোহাম্মদ আলাউদ্দিন আন্দোলনরতদের দাবিদাওয়া নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করার আশ্বাস দিলে বিকালে ছাত্রছাত্রীরা তাদের আন্দোলন কর্মসূচী স্থগিত করে ফিরে যায়।

এদিকে ছাত্রছাত্রীরা বৃহস্পতিবারের সকল ক্লাস ও পরীক্ষা বর্জন করেছে। এদিন সদ্য নিয়োগপ্রাপ্ত ভিসি এম আনোয়ারুল য়াজীম গাজীপুরের ক্যাম্পাসে উপস্থিত ছিলেন না বলে ডুয়েট সূত্রে জানা গেছে।

অপরদিকে বৃহস্পতিবার বিকালে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ডিন, বিভাগীয় প্রধান, প্রভোস্ট ও সিনিয়র শিক্ষকগণ ক্যাম্পাসের পরিস্থিতি নিয়ে সভা করেন। ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আলাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ছাত্র বিক্ষোভের মুখে ভিসি আনোয়ারুল য়াজীমকে গাজীপুরের ক্যাম্পাসে না এসে উত্তরার আবাসিক কার্যালয়ে বসে কাজ করার পরামর্শ দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। এ ছাড়া ভিসির অনুপস্থিতিকালীন মূল ক্যাম্পাসের কাজ দেখাশোনার জন্য ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আলাউদ্দিনের নাম প্রস্তাব করে ভিসির পরামর্শ চাওয়ার জন্য সভায় সিদ্ধান্ত হয়।